# গুলিবিদ্ধ হাদিকে নিতে ঢাকায় এয়ার অ্যাম্বুলেন্স, দুপুর দেড়টায় সিঙ্গাপুর যাত্রা



সংগৃহীত ছবি

গুলিবিদ্ধ জুলাই আন্দোলনের নেতা শরিফ ওসমান হাদির উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়ার প্রস্তুতি সম্পন্ন হয়েছে। তাকে বহন করতে সিঙ্গাপুর থেকে পাঠানো একটি বিশেষ এয়ার অ্যাম্বুলেন্স আজ সকালে ঢাকায় পৌঁছেছে। বিমানটি সকাল ১১টা ২২ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, দুপুর ১টা ৩০ মিনিটে ওই এয়ার অ্যাম্বুলেন্সে করেই হাদিকে সিঙ্গাপুরের উদ্দেশে পাঠানো হবে। বিষয়টি নিশ্চিত করেছেন বিমানবন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন এসএম রাগীব সামাদ।

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি জুলাই আন্দোলনের একজন পরিচিত সংগঠক এবং ঢাকা-৮ আসন থেকে সম্ভাব্য সংসদ সদস্য প্রার্থী। গত শুক্রবার রাজধানীর পল্টন এলাকায় গুলিবিদ্ধ হওয়ার পর থেকে তিনি এভারকেয়ার হাসপাতালে গুরুতর অবস্থায় চিকিৎসাধীন রয়েছেন।

প্রধান উপদেষ্টার প্রেস উইংয়ের তথ্য অনুযায়ী, অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নির্দেশে আয়োজিত এক জরুরি বৈঠকে হাদির বিদেশে উন্নত চিকিৎসার সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়। এ সিদ্ধান্ত বাস্তবায়নে গত দুই দিনে সরকার সিঙ্গাপুরসহ থাইল্যান্ড ও মালয়েশিয়ার একাধিক বিশেষায়িত হাসপাতালের সঙ্গে যোগাযোগ করে চিকিৎসা ব্যবস্থা পর্যালোচনা করেছে।

LENS ASIA